



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

কার্যালয়ঃ বাসা নং-৪২ (খাগডহর বাজার), ময়মনসিংহ

ফোন : ০৯১-৬৩৩৩৭ (অনুসন্ধান)

E-mail : chairmanbisemym@gmail.com,

www.mymensingheducationboard.gov.bd

নং- বিদ্যা/৬ষ্ঠ রেজিঃ/২০২৪/১০৮৮

তারিখ: ০৬/১০/২০২৪ খ্রি.

জরুরি বিজ্ঞপ্তি

বিষয় : ২০২৩ সালের ৬ষ্ঠ শ্রেণির (২০২৪ সালে ৭ম শ্রেণিতে অধ্যয়নরত) শিক্ষার্থীদের অনলাইন নিবন্ধনে বাদ পড়া শিক্ষার্থীদের নিবন্ধন এবং নিবন্ধনকৃত শিক্ষার্থীদের নাম ও ছবি সংযোজনসহ অন্যান্য ত্রুটি সংশোধনের সময়সীমা পুনর্নির্ধারণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠানের ২০২৩ সালের ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থীদের অনলাইন নিবন্ধনে বাদ পড়া শিক্ষার্থীদের নিবন্ধন এবং নিবন্ধনকৃত শিক্ষার্থীদের নাম ও ছবি সংযোজনসহ অন্যান্য ত্রুটি সংশোধনের জন্য ২৪/১০/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত সময়সীমা নির্ধারণ করা হলো। নির্ধারিত সময়ের মধ্যে রেজিস্ট্রেশন সম্পর্কিত বর্ণিত কার্যাবলি সম্পন্ন করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন। উল্লেখ্য যে, ২০২৩ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ শ্রেণিতে রেজিস্ট্রেশন করার পর উক্ত শিক্ষার্থীদের ৭ম ও ৮ম শ্রেণিতে আর রেজিস্ট্রেশন করা হবে না।

বাদ পড়া শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের অনলাইন প্রক্রিয়া : www.mymensingheducationboard.gov.bd » Our services » Institute panel » Registration » Six 2023 » Add New student » Submit » Payment » Final Submit

রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের ত্রুটি সংশোধনের অনলাইন প্রক্রিয়া : www.mymensingheducationboard.gov.bd » Our services » Institute panel » Registration » Six 2023 » Edit » Update

বি.দ্র.: যে সকল প্রতিষ্ঠান ২০২৪ খ্রি. সালে নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতিপ্রাপ্ত হয়েছে, সেসকল প্রতিষ্ঠান ২০২৩ খ্রি. সালের ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করতে পারবে না।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক

বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান

Signature
06.10.2024

(ড. মোঃ দিদারুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।

মেমো নং- ১০৮৮ (০৭)

তারিখ: ০৬/১০/২০২৪ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. জেলা প্রশাসক, এ বোর্ডের আওতাধীন সকল জেলা।
২. উপ-পরিচালক, (মাধ্যমিক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
৩. উপজেলা নির্বাহী অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৪. জেলা শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল জেলা।
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৬. সহকারী প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৭. অফিস কপি।

Signature
06.10.2024

(নাজমুল আলম সিদ্দিকী)

সহকারী বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ